



বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানি)
প্রধান কার্যালয়, কুমিল্লা
www.bgdcl.gov.bd



নম্বর: ২৮.১১.০০০০.০০০.৪৩১.৩৬.০০০১.২৬.২৩

তারিখ: ২৩ ভাদ্র ১৪৩৩
০৭ সেপ্টেম্বর ২০২৬

অফিস আদেশ-১২৮৮

বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড (বিজিডিসিএল)-এর প্রধান কার্যালয় ও অন্যান্য স্থাপনা হতে আইটি ডিপার্টমেন্টে প্রেরিত কম্পিউটার, প্রিন্টার, স্ক্যানার ও অন্যান্য তথ্যপ্রযুক্তি সংশ্লিষ্ট সরঞ্জামাদির অধিযাচন/চাহিদাপত্র পর্যালোচনায় দেখা যায় যে, সংশ্লিষ্ট সরঞ্জামাদি ব্যবহারযোগ্য, মেরামতযোগ্য অথবা কনডেমযোগ্য কি না, তা যথাযথভাবে যাচাই-বাছাইয়ের প্রয়োজনীয়তা রয়েছে।

এ পরিপ্রেক্ষিতে, তথ্যপ্রযুক্তি সংশ্লিষ্ট/ইলেকট্রনিকস সরঞ্জামাদি ক্রয়, প্রতিস্থাপন ও অপসারণের ক্ষেত্রে স্বচ্ছতা ও জবাবদিহি নিশ্চিতকরণ এবং পুরাতন/অকেজো সরঞ্জামাদির যথাযথ মূল্যায়নের লক্ষ্যে উক্ত সরঞ্জামাদির ব্যবহারযোগ্যতা, মেরামতযোগ্যতা ও কনডেমযোগ্যতা নিরূপণ করার জন্য নিম্নবর্ণিত পদধারী কর্মকর্তাদের সমন্বয়ে একটি স্থায়ী কনডেমনেশন কমিটি গঠন করা হলো :

ক্রমিক নম্বর	কর্মকর্তার পদবি	কমিটিতে অবস্থান
১।	উপমহাব্যবস্থাপক আইটি ডিপার্টমেন্ট, বিজিডিসিএল, কুমিল্লা	আহ্বায়ক
২।	ব্যবস্থাপক/উপব্যবস্থাপক/সহকারী প্রকৌশলী ইলেকট্রিক্যাল নির্মাণ শাখা, পিএলসিসি ডিপার্টমেন্ট, বিজিডিসিএল, কুমিল্লা	সদস্য
৩।	ব্যবস্থাপক/উপব্যবস্থাপক/সহকারী ব্যবস্থাপক সাধারণ ম্যাটেরিয়ালস শাখা, ভান্ডার ডিপার্টমেন্ট, বিজিডিসিএল, কুমিল্লা	সদস্য
৪।	ব্যবস্থাপক/উপব্যবস্থাপক/সহকারী প্রকৌশলী ই-হার্ডওয়্যার এন্ড সার্ভিসিং শাখা, আইটি ডিপার্টমেন্ট, বিজিডিসিএল, কুমিল্লা	সদস্য সচিব
৫।	সংশ্লিষ্ট ব্যবহারকারী/ইনডেন্টিং ডিপার্টমেন্টের প্রতিনিধি উপব্যবস্থাপক বা তদূর্ধ্ব পদমর্যাদার কর্মকর্তা	সদস্য

০২। কমিটির বিবেচ্য বিষয় ও করণীয় (TOR):

ক) কমিটি বিভিন্ন দপ্তর/শাখার পুরাতন/অকেজো কম্পিউটার, প্রিন্টার, স্ক্যানার তথা তথ্যপ্রযুক্তি সংশ্লিষ্ট এক্সেসরিস এবং ইলেকট্রনিকস সরঞ্জামাদি সরেজমিনে/কারিগরিভাবে পরীক্ষা-নিরীক্ষা করে সেগুলোর ব্যবহারযোগ্যতা, মেরামতযোগ্যতা ও কনডেমযোগ্যতা নির্ধারণ করবে;

খ) কোনো সরঞ্জাম মেরামতের মাধ্যমে পুনরায় ব্যবহারযোগ্য হলে, কমিটি প্রয়োজনীয় মেরামত/সংস্কারের সুপারিশ করবে এবং মেরামত অর্থনৈতিকভাবে যৌক্তিক না হলে তা কনডেমযোগ্য হিসেবে চিহ্নিত করবে;

গ) কোনো সরঞ্জাম কনডেমযোগ্য হিসেবে বিবেচিত হলে, কমিটি প্রচলিত বিধিবিধান অনুসরণপূর্বক তা কনডেম ঘোষণা করবে এবং স্ক্যাপ করার সুপারিশ করবে;

ঘ) কোনো সরঞ্জাম পরিবর্তনের জন্য নতুন সরঞ্জামের চাহিদা উত্থাপিত হলে, কমিটি বিদ্যমান সরঞ্জামের অবস্থা ও প্রয়োজনীয়তা যাচাই করে নতুন সরঞ্জাম ক্রয়ের যৌক্তিকতা সম্পর্কে মতামত/সুপারিশ প্রদান করবে; এবং

ঙ) কমিটি প্রয়োজনে উপর্যুক্ত কার্যক্রমের সঙ্গে সংশ্লিষ্ট অন্যান্য বিষয়ে মতামত ও সুপারিশ প্রদান করবে।

৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

আবুল কালাম

০৭-০৯-২০২৬

মোঃ এনামুল করিম চৌধুরী

মহাব্যবস্থাপক (প্রশাসন) (অতিরিক্ত দায়িত্ব)

নম্বর: ২৮.১১.০০০০.০০০.৪৩১.৩৬.০০০১.২৬.২৩/১ (৯)

তারিখ: ২৩ ভাদ্র ১৪৩৩
০৭ সেপ্টেম্বর ২০২৬

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। ব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব), ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড।
- ২। সকল মহাব্যবস্থাপক/সচিব, বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড।।
- ৩। সকল উপ-মহাব্যবস্থাপক, বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড।।
- ৪। উপ-মহাব্যবস্থাপক, আইটি ডিপার্টমেন্ট, বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড।
- ৫। সকল ব্যবস্থাপক।
- ৬। ব্যবস্থাপক (চলতি দায়িত্ব), ইলেকট্রিক্যাল নির্মাণ শাখা, বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড।
- ৭। ব্যবস্থাপক (চলতি দায়িত্ব), সাধারণ ম্যাটেরিয়ালস শাখা, বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড।
- ৮। উপ-ব্যবস্থাপক, ই-হার্ডওয়্যার এন্ড সার্ভিসিং শাখা, বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড।
- ৯। সহকারী প্রকৌশলী (হার্ডওয়্যার), ই-হার্ডওয়্যার এন্ড সার্ভিসিং শাখা, বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড।



আব্দুল

০৭-০৯-২০২৬

আপ্তাব উদ্দিন

উপমহাব্যবস্থাপক (প্রশাসন)